

চেকলিস্ট

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত
প্রতিনিধি) বিধিমালা, ২০০০

৪। নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্যতা।-

- (২) কোন ব্যক্তি অনুমোদিত প্রতিনিধি হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্য হইবেন না, যদি তিনি-
- (ক) একুশ বৎসরের কম বয়স্ক হন;
 - (খ) উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতার অধিকারী না হন;
 - (গ) সিকিউরিটি বিষয়ে কমিশন কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচী বা তৎকর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সিকিউরিটি ক্রয়-বিক্রয় ও এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত না হন, অথবা কমিশন কর্তৃক জারীকৃত আদেশ দ্বারা নির্ধারিত মেয়াদের অভিজ্ঞতা সম্পন্ন না হন;
- পাঁচ[ঘ]
- (ঙ) জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দণ্ডিত হন; অথবা
 - (চ) কমিশন বা কোন স্টক এক্সচেঞ্জ কর্তৃক প্রদত্ত কোন প্রকার শাস্তি পাইয়া থাকেন।